

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২৬০৮

আগরতলা, ১ ফেব্রুয়ারি, ২০২৫

## দু'দিনব্যাপী নর্থ-ইস্ট জাপান ক্যারাভানের উদ্বোধন

নর্থ-ইস্ট জাপান ক্যারাভান ২০২৪-২৫ আজ থেকে রবীন্দ্র শতবার্ষিকী ভবনে শুরু হয়েছে। ভারতস্থিত জাপান দূতাবাস, জাপান ফাউন্ডেশন, ইন্ডিয়ান কাউন্সিল ফর কালচারেল রিলেশনসের (আইসিসিআর) উত্তর পূর্বাঞ্চল আঞ্চলিক কার্যালয়ের উদ্যোগে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি তথ্য ও সংস্কৃতি দপ্তরের সচিব ড. পি কে চক্রবর্তী বলেন, ভারতবর্ষের উত্তর পূর্বাঞ্চলের অধিবাসী এবং জাপানের অধিবাসীদের মধ্যে সাংস্কৃতিক, ঐতিহ্যগত এবং খাদ্যাভাসগত অনেক মিল রয়েছে। এই ধরনের কর্মসূচির উদ্দেশ্য হলো দু'দেশের ভাষা, সংস্কৃতি, ঐতিহ্যের আদান প্রদানের মাধ্যমে পারস্পরিক সৌভ্রাতৃত্ববোধ গড়ে তোলা। অনুষ্ঠানে এছাড়াও বক্তব্য রাখেন ভারতস্থিত জাপান দূতাবাসের প্রথম সচিব তাকাসি কোবায়াসি এবং নতুনদিল্লিস্থিত জাপান ফাউন্ডেশনের অধিকর্তা কোজি সাতো। এছাড়াও উপস্থিত ছিলেন আইসিসিআর-এর উত্তর পূর্বাঞ্চলীয় আঞ্চলিক কার্যালয়ের অধিকর্তা মুনিশ সিং। উল্লেখ্য, দু'দিনব্যাপী এই অনুষ্ঠানের প্রথম দিনে রাজ্যের শিল্পীদের সাংস্কৃতিক পরিবেশনার পাশাপাশি জাপান থেকে আগত সাংস্কৃতিক দল তাদের পরিবেশনা উপস্থাপন করেন। তাছাড়াও আজ দুটি অ্যানিমেশন ফিল্মও প্রদর্শিত হয়। দু'দিনব্যাপী নর্থ-ইস্ট জাপান ক্যারাভান আগামীকাল সমাপ্ত হবে।

দু'দিনব্যাপী এই অনুষ্ঠান উপলক্ষ্যে কসপ্পে প্রদর্শন ও কর্মশালা, জুডো ও ক্যারাটে প্রদর্শন সহ রবীন্দ্র শতবার্ষিকী ভবন প্রাঙ্গণে জাপানের ঐতিহ্যবাহী বস্ত্র, জাপানিজ ক্যালিগ্রাফি, বাঁশজাতীয় সামগ্রী এবং ওরিগামি প্রদর্শনীর আয়োজন করা হয়েছে। আয়োজকদের পক্ষ থেকে রাজ্যের যুবক যুবতীদের আরও বেশি পরিমাণে এই অনুষ্ঠানে অংশগ্রহণ করার জন্য আহ্বান জানানো হয়।

\*\*\*\*\*